



নির্বাচন অধ্যাধিকার

অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-২৮৮

তারিখ: ০৩ আগস্ট ১৪২৬
১৭ জুন ২০১৯

বিষয় : হবিগঞ্জ পৌরসভার মেয়রের শুন্যপদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিগত সময়ে অনুষ্ঠিত পৌরসভা নির্বাচন/উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জিপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে ২৪ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত হবিগঞ্জ পৌরসভার মেয়রের শুন্যপদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৩ জুন ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৪ জুন ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- | | | |
|--------------------------------------|------------|-------------------------------------------------------------------|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো |
| (২) ট্যাক্সি ক্যার | (৬) কার | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের
বিভিন্ন যন্ত্রালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস | (৭) বাস | |
| (৪) জীপ | (৮) ট্রাক | |

২। সে সাথে ২২ জুন ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৫ জুন ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোক্তিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্যুক্তিত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পথ সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উক্ত পৌরসভার উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৩ জুন ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৪ জুন ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত উল্লিখিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সেই সাথে ২২ জুন ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৫ জুন ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)

ফোন: ০২-৫৫০০৭৫২৮

E-mail: sasemc1@gmail.com

সচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটি সংস্থাপন অধিশাখা]

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

C:\Users\User\Desktop\2019\By election Pourashava\2018 Vehicle letter.doc

যোগাযোগঃ

ফোনঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্সঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, সিলেট
৯. উপমহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনসিটিউট, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিটেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, হবিগঞ্জ
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল
১৬. পুলিশ সুপার, হবিগঞ্জ
১৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট ও রিটার্নিং অফিসার
১৮. জেলা কমান্ড্যাট, আনসার ও ভিডিপি, হবিগঞ্জ
১৯. উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
২০. জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের
সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব নির্বাচন কমিশন
সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা নির্বাচন অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর থানা, হবিগঞ্জ

মোহাম্মদ মোরশেদ আলম
(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স: ৫৫০০৭৫৫৮